সংবাদ প্রতিদিন

06/04/2012

# শ্রমিক কল্যাণ পর্ষদের নিজস্ব ওয়েবসাইট

**স্টাফ রিপোর্টার** : রাজ্য শ্রমিক কল্যাণ পর্ষদের নিজস্ব ওয়েবসাইটের উদ্বোধন করলেন শ্রমমন্ত্রী পূর্ণেন্দু বসু। বৃহস্পতিবার মহাকরণে এই অনুষ্ঠানে ছিলেন রাজ্যের শ্রমসচিব আলাপন বন্দ্যোপাধ্যায়। মন্ত্রী বলেন, ওয়েবসাইটের মাধ্যমে শ্রমিকরা নানা তথ্য জানতে পারবেন। কল্যাণ তহবিলের তথ্য জানতে পারবেন। শ্রমিকদের কম খরচে থাকার ব্যবস্থা করতে দিঘা, বকখালিতে হলিডে হোম তৈরি হয়েছে। শ্রমিকদের পরিবার যাতে কম খরচে থাকতে পারেন, দেখা হবে। অনলাইন বুকিং-এরও সুবিধা মিলবে। নতুন ওয়েবসাইটের নাম, ডব্লুডব্লুডব্লু ডট ডব্লুবিএলডব্লুবি ডট ওআরজি।